যে বিক্রিয়ায় একটি যৌগ ভেঙে একাধিক মৌল বা যৌগ উৎপন্ন হয় তাকে বিয়োজন বিক্রিয়া বলে। যেমন : চূনাপাথরকে তাপ দিলে এটি বিয়োজিত হয়ে বা ভেঙে ক্যালসিয়াম অক্সাইড (CaO) ও কার্বন ডাইঅক্সাইড (CO<sub>2</sub>) গ্যাস উৎপন্ন হয়। যেমন—



উদ্দীপকের (i) নং সমীকরণেও দেখা যাচ্ছে,



(ম্যাগনেসিয়াম কার্বনেট) (ম্যাগনেসিয়াম অক্সাইড) (কার্বন ডাইঅক্সাইড)

এখানে, ম্যাগনেসিয়াম কার্বনেট (MgCO<sub>3</sub>) বিয়োজিত হয়ে ম্যাগনেসিয়াম অক্সাইড (MgO) ও কার্বন ডাইঅক্সাইড গ্যাস (MgO) ও (CO<sub>2</sub>) উৎপন্ন করে।

অতএব, (i) নং বিক্রিয়াটি একটি বিয়োজন বিক্রিয়া।

ঘ. (ii) নং বিক্রিয়াটি একটি প্রতিস্থাপন বিক্রিয়া।


যে বিক্রিয়ায় একটি মৌল কোনো যৌগ থেকে অপর একটি মৌলকে সরিয়ে নিজে ঐ স্থান দখল করে নতন যৌগ তৈরি করে তাকে প্রতিস্থাপন বিক্রিয়া বলে। যেমন :




(লোহা) (কপার সালফেট) (আয়রন সালফেট) (কপার)

এখানে, লোহা কপার সালফেট থেকে কপারকে সরিয়ে নিজে ঐ স্থান দখল করে আয়রন সালফেট তৈরি করেছে।

উদ্দীপকের (iii) নং বিক্রিয়াতেও এমনটাই ঘটেছে। বিক্রিয়াটি নিম্নরূপ :



এখানে জিঙ্ক (Zn) সালফিউরিক এসিড (H<sub>2</sub>SO<sub>4</sub>) থেকে হাইড্রোজেনকে (H<sub>2</sub>) সরিয়ে নিজে ঐ স্থান দখল করে জিঙ্ক সালফেট (ZnSO<sub>4</sub>) তৈরি করেছে। অতএব এটি বলা যায় যে, ii নং বিক্রিয়াটি নিশ্চিতরূপেই একটি প্রতিস্থাপন বিক্রিয়া।



ক. রাসায়নিক সমীকরণ কী? ১

খ. যৌগমূলক বলতে কী বোঝায়? ২

গ. (ii) নং বিক্রিয়াটির সমতািকরণ পদ্ধতি ব্যাখ্যা কর। ৩

ঘ. P যৌগটিকে বিক্রিয়ক হিসেবে ব্যবহার করলে কী ধরনের বিক্রিয়া ঘটবে? যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪ ৪

### ▶◀ ৮নং প্রশ্নের উত্তর ▶◀

ক. রাসায়নিক সমীকরণ হলো কোনো রাসায়নিক বিক্রিয়ায় অংশগ্রহণকারী বিক্রিয়ক দ্রব্য এবং উৎপন্ন দ্রব্যকে প্রতীক, সংকেত ও কতগুলো চিহ্নের (+, → বা =) সাহায্যে প্রকাশ করার প্রক্রিয়া।


খ. যৌগমূলক বলতে এমন পরমাণুগুচ্ছকে বোঝায় যা স্বাধীনভাবে থাকে না এবং মৌলিক পদার্থের একটি পদার্থের ন্যায় যৌগ গঠনে অংশ নেয়।

যখন একাধিক পরমাণু পরস্পরের কাছে এসে নিজেদের মধ্যে বিক্রিয়া না করে পাশাপাশি গুচ্ছ আকারে অবস্থান করে তখন তাদের যৌগমূলক বলে। সম্পূর্ণ গুচ্ছটি একটি একক পরমাণুর ন্যায় আচরণ করে এবং রাসায়নিক বিক্রিয়ায়ও অংশগ্রহণ করে। যেমন – SO<sub>4</sub><sup>2-</sup>, CO<sub>3</sub><sup>2-</sup>, NO<sub>3</sub><sup>-</sup>, NH<sub>4</sub><sup>+</sup> ইত্যাদি।


গ. (ii) নং বিক্রিয়াটি হলো :  $\text{Mg} + \text{O}_2 \longrightarrow \text{MgO}$

বিক্রিয়াটিতে সমতা সাধন করা হয়নি। নিচে সমীকরণটির সমতািকরণ ব্যাখ্যা করা হলো।

বিক্রিয়ার আগে যত সংখ্যক Mg এবং O পরমাণু থাকে বিক্রিয়ার পরেও বিক্রিয়াজাত পদার্থে ততসংখ্যক Mg ও O পরমাণু থাকা উচিত। তাই বিক্রিয়ার সমতা স্থাপনের জন্য Mg, O<sub>2</sub> ও MgO অণুর সংখ্যা এবং সমীকরণ হবে নিম্নরূপ—



এই সমীকরণ থেকে বিক্রিয়ার পূর্বে এবং পরে বিক্রিয়কসমূহের মোট পরমাণুর সংখ্যা গণনা করা যায়। বোঝার সুবিধার্থে সমীকরণটি নিম্নরূপে উপস্থাপন করা হলো।




বা,  $(2 \times 1) + (1 \times 2) = 2 \times (1 + 1)$

বা,  $2 + 2 = 2 \times 2$


বা,  $4 = 4$

এভাবে উপরিউক্ত পদ্ধতিকে (ii) নং বিক্রিয়াটির সমতািকরণ করা যায়।

ঘ. P যৌগটি হলো (i) নং বিক্রিয়ার উৎপাদ।



এখানে, P হলো ক্যালসিয়াম কার্বোনেট CaCO<sub>3</sub>। এ যৌগটিকে বিক্রিয়ক হিসেবে ব্যবহার করলে নিম্নরূপ বিক্রিয়া ঘটবে :






এটি একটি বিয়োজন বিক্রিয়া। যে বিক্রিয়ায় একটি যৌগ ভেঙে একাধিক মৌল বা যৌগ উৎপন্ন হয় তাকে বিয়োজন বিক্রিয়া বলে।

উপরিউক্ত বিক্রিয়ায় CaCO<sub>3</sub> কে বিক্রিয়ক হিসেবে ব্যবহার করে তাপ দিলে তা ভেঙে CaO ও CO<sub>2</sub> উৎপন্ন হয়।

অতএব উপরিউক্ত যুক্তিসমূহ বিশ্লেষণ করে দেখা যায় যে, P যৌগ বা CaCO<sub>3</sub> কে বিক্রিয়ক হিসেবে ব্যবহার করলে বিয়োজন বিক্রিয়া ঘটবে।

নিচের বিক্রিয়াসমূহ লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. কুইক লাইম কী? ১

খ. দহন বিক্রিয়া বলতে কী বুঝায়? ২

গ. (ii) নং বিক্রিয়ায় A ও B চিহ্নিত করে ব্যাখ্যা কর।

৩

ঘ.(i) ও (iii) নং বিক্রিয়ার মধ্যে তুলনামূলক বিশ্লেষণ কর।

৪

▶◀ ৯নং প্রশ্নের উত্তর ▶◀


ক. চুন ও পানির মধ্যে বিক্রিয়ায় যে ক্যালসিয়াম হাইড্রোক্সাইড উৎপন্ন হয় তাই কুইক লাইম।

খ. বাতাসের অক্সিজেনের সাহায্যে কোনো পদার্থ পুড়ে তাপশক্তি ও আলোক শক্তি উৎপন্ন হওয়ার প্রক্রিয়াকে দহন বিক্রিয়া বলে। যেমন: সালফারকে বাতাসের অক্সিজেনের মধ্যে পোড়ালে সালফার ডাইঅক্সাইড গ্যাস তৈরি হয়। এটি একটি দহন বিক্রিয়া।




গ. (ii) নং বিক্রিয়ায় A ও B যথাক্রমে CO<sub>2</sub> ও Ca(OH)<sub>2</sub>

(i) নং বিক্রিয়া চূনাপাথরের বিয়োজন বিক্রিয়া। এতে তাপ দিলে চূনাপাথর বিয়োজিত হয়ে কার্বন ডাইঅক্সাইড গ্যাস (A) ও ক্যালসিয়াম অক্সাইড উৎপন্ন হয়।



উৎপন্ন কার্বন ডাইঅক্সাইড গ্যাসটিকে চূনের পানির মধ্যে চালনা করলে আবার চূনাপাথর বা ক্যালসিয়াম কার্বনেট ও পানি উৎপন্ন হয়। সুতরাং A ও B হলো CO<sub>2</sub> ও Ca(OH)<sub>2</sub>

কাজেই (ii) নং বিক্রিয়াটিকে নিম্নরূপে লেখা যায়।



ঘ. (i)নং বিক্রিয়া বিয়োজন এবং (iii) নং বিক্রিয়া প্রতিস্থাপন বিক্রিয়া। i ও iii নং উভয়ই রাসায়নিক বিক্রিয়ার উদাহরণ। (i) নং বিক্রিয়ায় CaCO<sub>3</sub> যৌগ ভেঙে CaO ও CO<sub>2</sub> দুটি নতুন পদার্থ উৎপন্ন হয়েছে। সুতরাং এটি বিয়োজন বিক্রিয়া। আর (iii) নং বিক্রিয়ায় Fe মৌল CuSO<sub>4</sub> যৌগ থেকে Cu কে সরিয়ে নিজে ঐ স্থান দখল করে নতুন যৌগ FeSO<sub>4</sub> উৎপন্ন করেছে। সুতরাং এটি প্রতিস্থাপন বিক্রিয়া।

(i) নং বিক্রিয়ায় তাপের প্রভাব অবশ্যই দরকার। কিন্তু (iii) নং বিক্রিয়ায় তার দরকার নেই।

❑ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

অষ্টম শ্রেণির বিজ্ঞান বিষয়ের ব্যবহারিক ক্লাসে একটি টেস্টটিউবে ৫ গ্রাম চূনাপাথর নিয়ে ছিপিসহ নির্গম নল দ্বারা টিউবের খোলা মুখ বন্ধ করা হলো। নির্গম নলের অপর প্রান্ত ১-২ মিলিটার চূনের পানিবিশিষ্ট অন্য একটি টেস্টটিউবে প্রবেশ করানো হয়। অতঃপর প্রথম টেস্টটিউবে তাপ দেওয়া হল।

ক. জিংক ও সালফারের বিক্রিয়ায় কোন যৌগ উৎপন্ন হয়?

১

খ. প্রতিস্থাপন বিক্রিয়া বলতে কী বুঝ?

২

গ. প্রথম টেস্টটিউবে কী ঘটবে? সমীকরণসহ ব্যাখ্যা কর।

৩


ঘ.পরীক্ষণ শেষে চূনের পানির কি কোনো পরিবর্তন ঘটবে? যুক্তিসহ মতামত দাও।

৪


▶◀ ১০নং প্রশ্নের উত্তর ▶◀

ক. জিংক ও সালফারের বিক্রিয়ায় জিংক সালফাইড যৌগ উৎপন্ন হয়।

খ. যে বিক্রিয়ায় একটি মৌল কোনো যৌগ থেকে অপর একটি মৌলকে সরিয়ে নিজে ঐ স্থান দখল করে নতুন যৌগ তৈরি করে তাকে প্রতিস্থাপন বিক্রিয়া বলে। যেমন : লোহা ও কপার সালফেটের মধ্যে রাসায়নিক বিক্রিয়ায় লোহা কপার সালফেট থেকে কপারকে সরিয়ে নিজে ঐ স্থান দখল করে আয়রন সালফেট তৈরি করে।



গ. প্রথম টেস্টটিউবে কার্বন ডাইঅক্সাইড উৎপন্ন হবে। টেস্টটিউবে নেওয়া চূনাপাথর তাপ দেওয়ার ফলে বিয়োজিত হয়ে বা ভেঙে কার্বন ডাইঅক্সাইড গ্যাস ও ক্যালসিয়াম অক্সাইড উৎপন্ন হয়।



ঘ. পরীক্ষণ শেষে চূনের পানির পরিবর্তন ঘটেছে এবং তা হলো স্বচ্ছ চূনের পানি ঘোলা হয়ে যাবে।

নির্গম নলের অপর প্রান্ত ১-২ মিলিমিটার চূনের পানিবিশিষ্ট অন্য একটি টেস্টটিউবে প্রবেশ করালে চূনের পানি ঘোলা হয়ে যাবে। প্রথম টেস্টটিউবে উৎপন্ন কার্বন ডাইঅক্সাইড দ্বিতীয় টেস্টটিউবে (নির্গমন নলের মাধ্যমে) যাওয়ার ফলে সেখানে চূনের পানি ও কার্বন ডাইঅক্সাইড বিক্রিয়া করে। আবার পানিতে অদ্রবণীয় ক্যালসিয়াম কার্বনেট তৈরি হওয়ায় চূনের পানি ঘোলা হয়ে যাবে।



কার্বন ডাইঅক্সাইড চূনের পানি ক্যালসিয়াম কার্বনেট পানি

নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

$X + \text{NaOH} \rightarrow$  খাবার লবণ + পানি

- ক. ত্বঁতের সংকেত কী? ১
- খ.  $\text{NH}_3$  ক্ষারধর্মী কেন? ২
- গ. বিক্রিয়াটি সম্পূর্ণ করে ব্যাখ্যা দাও। ৩
- ঘ. X কী ধরনের যৌগ, উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

▶◀ ১১নং প্রশ্নের উত্তর ▶◀

- ক. ত্বঁতের সংকেত  $\text{CuSO}_4 \cdot 5\text{H}_2\text{O}$ ।
- খ.  $\text{NH}_3$  পানিতে দ্রবীভূত হয়ে  $\text{NH}_4\text{OH}$  ক্ষার উৎপন্ন করে বলে এটি ক্ষারধর্মী। যে সকল রাসায়নিক পদার্থ ক্ষার উৎপন্ন করে তাদেরকে ক্ষারক বা ক্ষারধর্মী পদার্থ বলে। এছাড়া  $\text{NH}_3$  কে ক্ষারধর্মী পদার্থ বলে।
- গ. বিক্রিয়াটি নিম্নরূপ :  $X + \text{NaOH} \rightarrow$  খাবার লবণ + পানি  
ধরি, X যৌগটি হাইড্রোক্লোরিক এসিড।  
∴ বিক্রিয়াটি নিম্নরূপ :  $\text{HCl} + \text{NaOH} \rightarrow \text{NaCl} + \text{H}_2\text{O}$   
এখানে, HCl একটি এসিড ও NaOH → একটি ক্ষার। HCl দ্রবণে  $\text{H}^+$  আয়ন দান করে এবং NaOH দ্রবণে আয়ন দান করে।  $\text{H}^+$  ও OH আয়ন মিলে পানি উৎপন্ন হয়।  
এছাড়া  $\text{Na}^+$  ও  $\text{Cl}^-$  আয়ন মিলে NaCl লবণ উৎপন্ন হয়। এটি একটি প্রশমন বিক্রিয়া।
- ঘ. X অম্লধর্মী ধরনের যৌগ। বিক্রিয়াটিতে X একটি এসিড। কারণ X যৌগটি জলীয় দ্রবণে  $\text{H}^+$  আয়ন প্রদান করে। নীল লিটমাসকে লাল করে এবং ক্ষারের সাথে বিক্রিয়া করে নিরপেক্ষ লবণ ও পানি উৎপন্ন করে। X যৌগটি যদি HCl হয়।  
 $\text{HCl} \rightarrow \text{H}^+ + \text{Cl}^-$   
 $\text{HCl} + \text{NaOH} \rightarrow \text{NaCl} + \text{H}_2\text{O}$


নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

- i.  $2\text{Na} + \text{H}_2\text{SO}_4 \rightarrow \text{Na}_2\text{SO}_4 + \text{H}_2$
- ii.  $\text{C} + \text{O}_2 \rightarrow \text{CO}_2$
- ক. ভিনেগারের রাসায়নিক সংকেত লেখ। ১
- খ. বিয়োজন বিক্রিয়া বলতে কী বোঝ? ২
- গ. (ii) নং বিক্রিয়াটি কোন ধরনের ব্যাখ্যা কর। ৩
- ঘ. (i) নং বিক্রিয়ায় উৎপন্ন যৌগটি অন্য কোনোভাবে উৎপন্ন করা যায় কি? বিশ্লেষণ কর। ৪

▶◀ ১২নং প্রশ্নের উত্তর ▶◀


- ক. ভিনেগারের রাসায়নিক সংকেত  $\text{CH}_3\text{COOH}$ ।
- খ. যে বিক্রিয়ায় একটি যৌগ ভেঙে একাধিক মৌল বা যৌগ উৎপন্ন হয় তাদেরকে বিয়োজন বিক্রিয়া বলে। যেমন :  
 $2\text{KClO}_3 \xrightarrow{\text{তাপ}} 2\text{KCl} + 3\text{O}_2$   
পটাসিয়াম ক্লোরেট কে তাপ দিলে তা বিয়োজিত হয়ে পটাসিয়াম ক্লোরাইড ও অক্সিজেন গ্যাস উৎপন্ন হয়।
- গ. (ii) নং বিক্রিয়াটি দহন বিক্রিয়া।  
যে বিক্রিয়ায় কোনো মৌলকে বাতাসে অক্সিজেনের সাহায্যে দহন করা হয় তাকে দহন বিক্রিয়া বলা হয়।  
 $\text{C} + \text{O}_2 \rightarrow \text{CO}_2$   
উপরের বিক্রিয়াটিতে কার্বন গুড়াকে বাতাসের অক্সিজেনের সাহায্যে দহন করা হয়েছে এবং এতে কার্বন ডাইঅক্সাইড উৎপন্ন হয়।

- ঘ. (i) নং বিক্রিয়ায় উৎপন্ন যৌগটির নাম সোডিয়াম সালফেট। সাধারণত সালফিউরিক এসিডের সাথে কিংবা সোডিয়ামের চেয়ে কম সক্রিয় ধাতুর লবণের সাথে সোডিয়াম ধাতুর বিক্রিয়ায় সোডিয়াম সালফেট উৎপন্ন হয়।




এখানে, Na ধাতু ও H<sub>2</sub>SO<sub>4</sub> মধ্যে রাসায়নিক বিক্রিয়া সংঘটিত হয়েছে।

আরেকটি বিক্রিয়া লক্ষ করি :



এটা একটি প্রশমন বিক্রিয়া। এখানে সোডিয়াম হাইড্রোক্সাইড ও সালফিউরিক এসিড বিক্রিয়া করে সোডিয়াম সালফেট ও পানি উৎপন্ন করে। অতএব (i) নং বিক্রিয়ায় উৎপন্ন যৌগটি অন্যভাবেও উৎপন্ন করা যায়।

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :




- ক. এসিটিক এসিডের সংকেত কী? ১
- খ. চূনাপাথরে HCl যোগ করলে বুদবুদ তৈরি হয় কেন? ২
- গ. উদ্দীপকের প্রথম বিক্রিয়াটি কোন ধরনের যৌগ? ব্যাখ্যা কর। ৩
- ঘ. বিভিন্ন ক্ষেত্রে উদ্দীপকের A যৌগটির ভূমিকা বিশ্লেষণ কর। ৪

▶ ১৩নং প্রশ্নের উত্তর ▶

- ক. এসিটিক এসিডের সংকেত CH<sub>3</sub>COOH।
- খ. চূনাপাথর হলো ক্যালসিয়াম কার্বনেট (CaCO<sub>3</sub>)। এর সাথে HCl যোগ করলে ক্যালসিয়াম ক্লোরাইড এবং কার্বন ডাইঅক্সাইড গ্যাস উৎপন্ন হয়। কার্বন ডাইঅক্সাইড নির্গত হওয়ার সময় বিক্রিয়ার পাত্রে বুদবুদের সৃষ্টি করে।
- $$\text{CaCO}_3 + 2\text{HCl} \rightarrow \text{CaCl}_2 + \text{H}_2\text{O} + \text{CO}_2\uparrow$$
- গ. উদ্দীপকের প্রথম বিক্রিয়াটি একটি প্রশমন বিক্রিয়া। কারণ এতে এসিড ও ক্ষার বিক্রিয়া করে প্রশম যৌগ উৎপন্ন করেছে। A যৌগটি H<sub>2</sub>SO<sub>4</sub>। কারণ Ca এর লবণ CaSO<sub>4</sub> উৎপন্ন হয়েছে।
- $$\text{Ca}(\text{OH})_2 + \text{H}_2\text{SO}_4 \rightarrow \text{CaSO}_4 + 2\text{H}_2\text{O}$$
- এ বিক্রিয়ার চূনের পানি Ca(OH)<sub>2</sub> ক্ষারধর্মী এবং সালফিউরিক এসিড (H<sub>2</sub>SO<sub>4</sub>) অম্লধর্মী এদের বিক্রিয়ায় প্রশম যৌগ ক্যালসিয়াম সালফেট (CaSO<sub>4</sub>) ও পানি (H<sub>2</sub>O) উৎপন্ন হয়। সুতরাং উদ্দীপকের প্রথম বিক্রিয়াটি একটি প্রশমন বিক্রিয়া।
- ঘ. A যৌগটির নাম সালফিউরিক এসিড। বিভিন্ন ক্ষেত্রে A যৌগটি নানা ভূমিকা পালন করে। সালফিউরিক এসিড প্রকৃতিতে প্রাণ্ড নানা রকম খনিজ পদার্থ থেকে তৈরি করা হয় বলে একে খনিজ এসিড বলে। এটি খাওয়ার উপযোগী নয়। বরং মানবদেহের জন্য ক্ষতিকর। এটি তুকে লাগলে তুকের মারাত্মক ক্ষতি হয়।
- দৈনন্দিন জীবনে এবং শিল্প কারখানায় এসিডের ব্যবহার অনস্বীকার্য। আইপিএস, গাড়ি মাইক বাজানোর সময়, সৌরবিদ্যুৎ উৎপাদনে ইত্যাদি কাজে যে ব্যাটারি ব্যবহৃত হয় তাতে সালফিউরিক এসিড ব্যবহৃত হয়। সার কারখানায় একটি অতি প্রয়োজনীয় উপাদান হলো সালফিউরিক এসিড। এছাড়া ডিটারজেন্ট থেকে শুরু করে নানা রকম রং, ঔষধপত্র, কীটনাশকসহ পেইন্ট, কাগজ, বিস্ফোরক ও রিবন তৈরিতে প্রচুর H<sub>2</sub>SO<sub>4</sub> ব্যবহৃত হয়।
- একটি দেশ কতটা শিল্পোন্নত তা বিচার করা হয় ঐ দেশ কতটুকু H<sub>2</sub>SO<sub>4</sub> ব্যবহার করে তার ওপর ভিত্তি করে।

নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




- ক. লেবুর রসে কোন এসিড থাকে? ১
- খ. সংযোজন বিক্রিয়া বলতে কী বুঝায়? ২
- গ. A চিহ্নিত কোষটির কাজ ব্যাখ্যা কর। ৩
- ঘ. উদ্দীপকে শক্তির কী ধরনের রূপান্তর ঘটে—বিশ্লেষণ কর। ৪

▶ ১৪নং প্রশ্নের উত্তর ▶



- ক. লেবুর রসে সাইট্রিক এসিড থাকে।
- খ. যে বিক্রিয়ায় একের অধিক পদার্থ একত্রিত হয়ে সম্পূর্ণ ভিনুধর্মী নতুন রাসায়নিক পদার্থ তৈরি করে তাকে সংযোজন বিক্রিয়া বলে। যেমন :  $Fe + S \rightarrow FeS$  এখানে, হালকা হলুদ রঙের সালফার ও লোহার গুড়া মিলে নতুন পদার্থ আয়রন সালফাইড তৈরি হয়েছে। এটি একটি সংযোজন বিক্রিয়া।
- গ. A চিহ্নিত কোষটি হলো ড্রাইসেল বা শুষ্ক কোষ। নিচে এর কাজ ব্যাখ্যা করা হলো :  
টর্চলাইট, বিভিন্ন রকম রিমোট কন্ট্রোলার নানা রকম খেলনা ইত্যাদির ক্ষেত্রে ড্রাইসেল ব্যবহার করা হয়। বর্তনীতে ড্রাইসেল যোগ করলে বাত্ব জ্বলে ওঠে। শুষ্ক কোষ বা ড্রাইসেল ঘড়িতে ব্যবহার করা হয়। শুষ্ক কোষ তড়িৎ বিশ্লেষণে অ্যানোড ও ক্যাথোডের সাথে যুক্ত করে বিভব পার্থক্য সৃষ্টি করে ইলেকট্রন প্রবাহের মাধ্যমে বিভিন্ন ধাতু নিষ্কাশন করা যায়।
- ঘ. উদ্দীপকে রাসায়নিক শক্তির আলোক শক্তিতে রূপান্তর ঘটে, বর্তনী তৈরি হওয়ার ফলে বাত্ব জ্বলছে এবং তা আলোকশক্তি দিচ্ছে, এই আলোকশক্তি আসছে ব্যাটারি থেকে। আর ব্যাটারির শক্তির উৎস হলো ব্যবহৃত রাসায়নিক পদার্থ অর্থাৎ দস্তা, অ্যামোনিয়াম, ক্লোরাইড, কয়লার গুড়া ও ম্যাঙ্গানিজ ডাইঅক্সাইড। ঐ সকল রাসায়নিক পদার্থের সঞ্চিত শক্তিই রূপান্তরিত হয়ে আলোকশক্তি উৎপন্ন হয়। এখানে রাসায়নিক শক্তি আলোক শক্তিতে রূপান্তরিত হচ্ছে।

নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :




চিত্র : A

- ক. পরমাণুর কেন্দ্রকে কী বলে? ১
- খ. ক্যাটায়ন বলতে কী বোঝায়? ২
- গ. চিত্র -A এর গঠন ব্যাখ্যা কর। ৩
- ঘ. A তে সঞ্চিত শক্তিকে আলোক শক্তিতে রূপান্তর করা সম্ভব কিনা? বিশ্লেষণ কর। ৪

▶▶ ১৬নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. পরমাণুর কেন্দ্রকে নিউক্লিয়াস বলে।
- খ. যে সকল ধনাত্মক আয়ন তড়িৎ বিশ্লেষণের সময় ক্যাথোডে গিয়ে ইলেকট্রন গ্রহণ করে ধাতুতে পরিণত হয় তাদের ক্যাটায়ন বলে। যেমন : NaCl এর দ্রবণে তড়িৎ বিশ্লেষণ করলে  $Na^+$  আয়ন ক্যাথোডে গিয়ে ইলেকট্রন ত্যাগ করে Na ধাতুতে পরিণত হয়। এ জন্য  $Na^+$  ক্যাটায়ন।
- গ. চিত্রে A হলো একটি শুষ্ক কোষ।  
প্রথমে অ্যামোনিয়াম ক্লোরাইড ( $NH_4Cl$ ), কয়লার গুড়া এবং ম্যাঙ্গানিজ ডাইঅক্সাইড ( $MnO_2$ ) ভালোভাবে মিশিয়ে তাতে অল্প পরিমাণ পানি যোগ করে একটি পেস্ট বা নিই তৈরি করা হয়। এই মিশ্রণটি সিলিন্ডার আকৃতির দস্তার চোঙে নিয়ে তার মধ্যে একটি কার্বন দণ্ড বসানো হয় এমনভাবে যাতে দণ্ডটি দস্তার চোঙকে স্পর্শ না করে। কার্বন দণ্ডের মাথায় একটি ধাতব টুপি পরানো থাকে। শুষ্ক কোষের উপরের অংশ কার্বন দণ্ডটির চারপাশে পিচের আন্তরণ দিয়ে ঢেকে দেওয়া হয়। দস্তার চোঙটিকে একটি শক্ত কাগজ দিয়ে ঘিরে দেওয়া হয়। এখানে দস্তার চোঙ ঋণাত্মক তড়িৎদ্বার বা ক্যাথোড হিসেবে কাজ করে আর ধাতব টুপি দিয়ে ঢাকা কার্বন দণ্ডের উপরিভাগ ধনাত্মক তড়িৎদ্বার বা ক্যাথোড হিসেবে কাজ করে।
- ঘ. A তে সঞ্চিত রাসায়নিক শক্তিকে আলোক শক্তিতে রূপান্তর করা সম্ভব।  
এ জন্য একটি তামার তারের একপ্রান্ত শুষ্ক কোষের অ্যানোড ও অপর তামার তারটি ক্যাথোডের সাথে যুক্ত করতে হবে। এবার তার দুটির অপর প্রান্ত একটি বাত্বের সাথে চিত্রের ন্যায় সংযুক্ত করতে হবে।





চিত্র : শূন্য কোষের বর্তনী

এতে বাতি জ্বলবে। এই আলোক শক্তি আসবে ব্যাটারি থেকে। ব্যাটারির শক্তির উৎস হলো এতে ব্যবহৃত রাসায়নিক পদার্থ। ঐ সকল রাসায়নিক পদার্থের সঞ্চিত শক্তিই রূপান্তরিত হয়ে আলোক শক্তি উৎপন্ন করবে।

অতএব, উপরিউক্ত আলোচনা করে দেখা যায়, A তে সঞ্চিত শক্তিকে আলোক শক্তিতে রূপান্তর করা সম্ভব।

নিচের উদ্দীপকটি পড় এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. ভরসংখ্যা কাকে বলে? ১

খ. তড়িৎ বিশ্লেষণ কী? ব্যাখ্যা কর। ২

গ. (i) নং বিক্রিয়াটি কোন প্রকারের? ব্যাখ্যা কর। ৩

ঘ. (ii) নং বিক্রিয়াটি একটি প্রতিস্থাপন বিক্রিয়া- বিশ্লেষণ কর। ৪

▶◀ ১৬নং প্রশ্নের উত্তর ▶◀

ক. কোনো পরমাণুর প্রোটন সংখ্যা ও নিউট্রনসংখ্যার যোগফলকে তার পারমাণবিক ভরসংখ্যা বলা হয়।

খ. যে বিক্রিয়ায় কোনো কিংলিত বা দ্রবীভূত দ্রবণের মধ্য দিয়ে তড়িৎ প্রবাহিত করা হয় এবং তড়িৎ প্রবাহের ফলে দ্রবণের রাসায়নিক পরিবর্তন সাধিত হয়, সে বিক্রিয়াকে তড়িৎ বিশ্লেষণ বলে। যেমন : কিংলিত NaCl দ্রবণের মধ্যে তড়িৎ প্রবাহিত করলে Na ধাতু ও Cl<sub>2</sub> গ্যাস উৎপন্ন হয়। এ পরিবর্তনই তড়িৎ বিশ্লেষণ।

গ. উদ্দীপকে উল্লিখিত (i) নং বিক্রিয়াটি বিয়োজন বিক্রিয়া। যে বিক্রিয়ায় একটি যৌগ ভেঙে একাধিক যৌগ উৎপন্ন হয় তাকে বিয়োজন বিক্রিয়া বলে।

উদ্দীপকে (ii) নং বিক্রিয়ায় ক্যালসিয়াম কার্বনেট (CaCO<sub>3</sub>) তাপের প্রভাবে ভেঙে ক্যালসিয়াম অক্সাইড (CaO) এবং কার্বন ডাই অক্সাইড (CO<sub>2</sub>) গ্যাসে পরিণত হয়। তাই (i) নং বিক্রিয়াটি বিয়োজন বিক্রিয়া।

ঘ. উদ্দীপকে উল্লিখিত (ii) নং বিক্রিয়াটি প্রতিস্থাপন বিক্রিয়া।



যে বিক্রিয়ায় একটি মৌল কোনো যৌগ থেকে অপর একটি মৌলকে সরিয়ে নিজে ঐ স্থান দখল করে নতুন যৌগ তৈরি করে তাকে প্রতিস্থাপন বিক্রিয়া বলে।

(ii) নং বিক্রিয়ায় জিঙ্ক (Zn) সালফিউরিক এসিড (H<sub>2</sub>SO<sub>4</sub>) অপু থেকে হাইড্রোজেনকে (H<sub>2</sub>) সরিয়ে নিজে ঐ স্থান দখল করে এবং নতুন যৌগ জিঙ্ক সালফেট (ZnSO<sub>4</sub>) উৎপন্ন করে।

তাই, (ii) নং বিক্রিয়াটি প্রতিস্থাপন বিক্রিয়া।

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

নিচের বিক্রিয়া দুটি পর্যবেক্ষণ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. বিক্রিয়ক কী? ১

খ. যোজনী ও সংকেতের মধ্যে দুটি পার্থক্য লেখ। ২

গ. ১নং বিক্রিয়ার তাৎপর্য ব্যাখ্যা কর। ৩

ঘ. ২নং বিক্রিয়া লেখার ক্ষেত্রে কী কী নিয়ম অনুসরণ করা হয়েছে- বিশ্লেষণ কর। ৪

▶◀ ১৭নং প্রশ্নের উত্তর ▶◀

ক. রাসায়নিক বিক্রিয়ায় অংশগ্রহণকারী পদার্থগুলো হলো বিক্রিয়ক।

খ. যোজ্ঞনী ও সংকেতের মধ্যে দুটি পার্থক্য হলো :

যোজ্ঞনী	সংকেত
১. হাইড্রোজেনের সাথে একটি মৌলের যুক্ত হওয়ার সামর্থ্যকে ঐ মৌলের যোজ্ঞনী বলে।	১. মৌলিক অথবা যৌগিক পদার্থের অণুকে প্রতীক দ্বারা প্রকাশ করাকে সংকেত বলে।
২. কোনো যৌগের অণুতে পরমাণু বা যৌগমূলকের অনুপাত এদের যোজ্ঞনীর বিপরীত অনুপাতে হয়।	২. সংকেত পদার্থের অণু কাঁ কাঁ মৌল দ্বারা গঠিত এবং তাদের পরমাণু সংখ্যা কত তা প্রকাশ করে।

গ. ১নং বিক্রিয়ায় পানি উৎপাদিত হয়। এ বিক্রিয়ার তাৎপর্য নিম্নরূপ :

- হাইড্রোজেন ও অক্সিজেনের রাসায়নিক বিক্রিয়ার ফলে পানি উৎপন্ন হয়।
- হাইড্রোজেনের দুটি অণু অক্সিজেনের একটি অণুর সাথে বিক্রিয়া করে দুই অণু পানি উৎপন্ন করে।
- ১নং বিক্রিয়ার পরমাণুর সংখ্যা গণনা করলে দেখা যায় :  

$$2\text{H}_2 + 1\text{O}_2 = 2\text{H}_2\text{O}$$

$$(2 \times 2) + (1 \times 2) = 2 \times (2 + 1)$$
 বা, ৪ + ২ = (২ × ৩)  
 বা, ৬ = ৬

সুতরাং, বিক্রিয়ার আগে বিক্রিয়ক পরমাণুগুলোর মোট সংখ্যা বিক্রিয়ার পরে উৎপাদ পরমাণুগুলোর মোট সংখ্যা পরস্পর সমান।

ঘ. ২নং বিক্রিয়া লেখার ক্ষেত্রে এসব নিয়ম অনুসরণ করা হয়েছে সেগুলো হলো :

- বিক্রিয়ক পদার্থগুলোর সংকেত দুটি বামদিকে এবং বিক্রিয়াজাত পদার্থগুলোর সংকেত ডানদিকে লিখে মাঝে তীর (→) চিহ্ন দেওয়া হয়।
- উৎপাদ পদার্থ একটি হলেও বিক্রিয়ক পদার্থ একাধিক বলে তাদের সংকেতের মধ্যে যোগ চিহ্ন (+) দেওয়া হয়েছে।
- বিক্রিয়ক এবং বিক্রিয়াজাত পদার্থগুলোর পরমাণু সমতা আছে বলে তীর (→) চিহ্নের পরিবর্তে সমান (=) চিহ্ন বসানো হয়েছে।  

$$\text{N}_2 + 3\text{H}_2 = 2\text{NH}_3$$
- বিক্রিয়ার আগে বিক্রিয়ক পদার্থের অণুর মধ্যে যত সংখ্যক উপাদান মৌলের পরমাণু থাকে, বিক্রিয়ার পরেও গঠিত নতুন অণুগুলোর মধ্যে ঠিক তত সংখ্যক উপাদান পরমাণু আছে :  

$$1\text{N}_2 + 3\text{H}_2 = 2\text{NH}_3$$
 বা, ১ × ২ + ৩ × ২ = ২(১ + ৩)  
 বা, ২ + ৬ = ২ × ৪  
 বা, ৮ = ৮

নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :

পরীক্ষাগারে কঠিন সালফারকে লম্বা হাতলযুক্ত দহন চামচে নিয়ে পোড়ালে SO<sub>2</sub> গ্যাস পাওয়া যায়। আবার ম্যাগনেসিয়ামের রিবন সরাসরি আগুনে পোড়ালে MgO গ্যাস উৎপন্ন হয়।

- দহন বিক্রিয়া কাকে বলে? ১
- দহনে কোন ধরনের পরিবর্তন ঘটে? ২
- উদ্দীপকের মৌলের সাথে যুক্ত মৌল কোথা থেকে আসে এবং অত্যাৱশ্যক কেন? ৩
- উদ্দীপকের বিক্রিয়াদ্বয়ে রাসায়নিক পরিবর্তন সংঘটিত হওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪


▶▶ ১৮নং প্রশ্নের উত্তর ▶▶

- বাতাসের অক্সিজেনের মধ্যে কোনো মৌল বা যৌগ পোড়ালে যে বিক্রিয়া হয় তাকে দহন বিক্রিয়া বলে।
- দহনে রাসায়নিক পরিবর্তন ঘটে। Mg কে বাতাসে পোড়ালে MgO উৎপন্ন হয়। এ MgO বিক্রিয়ক Mg থেকে সম্পূর্ণ আলাদা। সেই সঙ্গে প্রচুর তাপ ও আলোকশক্তি উৎপন্ন হয়।
- উদ্দীপকের মৌল দুটি হলো সালফার (S) ও ম্যাগনেসিয়াম (Mg)। এদের সাথে যুক্ত মৌলটি হলো অক্সিজেন (O<sub>2</sub>) যা বাতাস থেকে আসে।  
 দহন শব্দের অর্থ পোড়ানো। দহন বিক্রিয়ায় মৌলের সাথে অক্সিজেন যুক্ত হয়। দহন বিক্রিয়ায় অক্সিজেন লাগবেই, কারণ আগুন জ্বলার জন্য অক্সিজেন আৱশ্যক।

উদ্দীপকে সালফার ও ম্যাগনেসিয়াম মৌলদ্বয় পোড়ালে  $\text{SO}_2$  ও  $\text{MgO}$  গ্যাস উৎপন্ন হয়। এখানে মৌলদ্বয়ের সাথে অক্সিজেন যুক্ত হয়েছে। দহন বিক্রিয়ার দ্বারা এরা যুক্ত হয়েছে। এ অক্সিজেন আসে বাতাস থেকে।

ঘ. উদ্দীপকের বিক্রিয়াদ্বয়ে রাসায়নিক পরিবর্তন সংঘটিত হওয়ার কারণ দহন বিক্রিয়া পরিবর্তন।

যখন কোনো পরিবর্তনে বিক্রিয়ক থেকে সম্পূর্ণ ভিনু বৈশিষ্ট্যের পদার্থ উৎপন্ন হয়, তা রাসায়নিক পরিবর্তন। উদ্দীপকে যে বিক্রিয়াদ্বয় সংঘটিত হয় তা হলো—






১নং বিক্রিয়ায় তাপ দেয়ার ফলে সালফার বাতাসের অক্সিজেনের সাথে দহন বিক্রিয়ার দ্বারা  $\text{SO}_2$  গ্যাস তৈরি করে যা বিক্রিয়ক পদার্থ থেকে সম্পূর্ণ আলাদা।

২নং বিক্রিয়ায় ম্যাগনেসিয়াম বাতাসের অক্সিজেনে দহন বিক্রিয়ার মাধ্যমে পুড়তে থাকে এবং  $\text{MgO}$  উৎপাদিত হয় যা বিক্রিয়ক উপাদান থেকে সম্পূর্ণ আলাদা।

উভয়ক্ষেত্রেই বিক্রিয়াজাত পদার্থের বৈশিষ্ট্য বিক্রিয়ক পদার্থের বৈশিষ্ট্য থেকে সম্পূর্ণ ভিনু। সুতরাং, উভয় ক্ষেত্রেই রাসায়নিক পরিবর্তন সংঘটিত হয়।

**নিচের বিক্রিয়াগুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:**



- |                                                                                 |   |
|---------------------------------------------------------------------------------|---|
| ক. রাসায়নিক বিক্রিয়া কাকে বলে?                                                | ১ |
| খ. রাসায়নিক বিক্রিয়ার বৈশিষ্ট্যগুলো কী কী?                                    | ২ |
| গ. i নং ও ii নং বিক্রিয়াদ্বয় কোন শ্রেণির ব্যাখ্যা কর।                         | ৩ |
| ঘ. iii নং বিক্রিয়াকে সংযোজন বিক্রিয়ার বিপরীত বিক্রিয়া বলার কারণ বিশ্লেষণ কর। | ৪ |

▶▶ ১৯নং প্রশ্নের উত্তর ▶▶

ক. যে প্রক্রিয়ায় দুই বা ততোধিক পদার্থের রাসায়নিক পরিবর্তনের ফলে নতুন এক বা একাধিক পদার্থের সৃষ্টি হয় তাকে রাসায়নিক বিক্রিয়া বলে।

খ. রাসায়নিক বিক্রিয়ার বৈশিষ্ট্যগুলো হলো :

১. রাসায়নিক বিক্রিয়ার ফলে উৎপন্ন বস্তুর ধর্মাবলি বিক্রিয়ক পদার্থসমূহের ধর্ম থেকে ভিনু হয়।
২. তাপের উদ্ভব বা শোষণ ঘটে।
৩. বিক্রিয়াজাত বস্তুকে বিক্রিয়ার পূর্বাবস্থায় ফিরিয়ে নেয়া সম্ভব হয় না।
৪. রাসায়নিক বিক্রিয়ায় পদার্থের মূল গঠনের পরিবর্তন ঘটে।

গ. i নং বিক্রিয়াটি হলো :  $\text{Fe} + \text{CuSO}_4 \rightarrow \text{FeSO}_4 + \text{Cu}$

এটি একটি প্রতিস্থাপন বিক্রিয়া। এ বিক্রিয়ায় Fe কপার সালফেট থেকে Cu কে সরিয়ে নিজে ঐ স্থান দখল করে  $\text{FeSO}_4$  তৈরি করেছে। সুতরাং i নং বিক্রিয়া হলো প্রতিস্থাপন বিক্রিয়া।

আবার ii নং বিক্রিয়া হলো :  $\text{CaCO}_3 \xrightarrow{\text{তাপ}} \text{CaO} + \text{CO}_2$

এটি একটি বিয়োজন বিক্রিয়া। এ বিক্রিয়ায়  $\text{CaCO}_3$  বিয়োজিত হয়ে দুটি যৌগ CaO ও  $\text{CO}_2$  উৎপন্ন করেছে। সুতরাং ii নং বিক্রিয়া হলো বিয়োজন বিক্রিয়া।

ঘ. (iii) নং বিক্রিয়া হলো বিয়োজন বিক্রিয়া যা সংযোজনের বিপরীত।

যে রাসায়নিক বিক্রিয়ায় দুই বা ততোধিক মৌল বা যৌগ পরস্পর বিক্রিয়া করে একটি মাত্র যৌগ উৎপন্ন করে, তাকে সংযোজন বিক্রিয়া বলে। আর যে বিক্রিয়ায় একটি যৌগ ভেঙে একাধিক মৌল বা যৌগ উৎপন্ন করে তাকে বিয়োজন বিক্রিয়া বলে। সুতরাং বিয়োজন বিক্রিয়াকে সংযোজন বিক্রিয়ার বিপরীত বিক্রিয়া বলা হয়।

উদ্দীপকের iii নং বিক্রিয়ায়  $\text{KClO}_3$  বিয়োজিত হয়ে দুটি যৌগ KCl ও  $\text{O}_2$  উৎপন্ন করেছে। এ বিক্রিয়ায় একটি যৌগ ভেঙেই দুটি যৌগ উৎপন্ন হয়েছে। সুতরাং iii নং বিক্রিয়া হলো বিয়োজন বিক্রিয়া যাকে সংযোজন বিক্রিয়ার বিপরীত বিক্রিয়া বলা যায়।

**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

আমরা টর্চ, রেডিও, খেলানা গাড়ি ইত্যাদিতে যে ব্যাটারি ব্যবহার করি। এতে কোনো রাসায়নিক তরল পদার্থ ব্যবহার হয় না বলে ড্রাইসেল বা শুষ্ক বিদ্যুৎকোষ বলে। আজকাল নানা কাজে প্রচুর ড্রাইসেল ব্যবহৃত হচ্ছে।

- |                                      |   |
|--------------------------------------|---|
| ক. অ্যানোড কী?                       | ১ |
| খ. ড্রাইসেলকে শুষ্ক কোষ বলা হয় কেন? | ২ |
| গ. উদ্দীপকের কোষটি ঐকে চিহ্নিত কর।   | ৩ |

ঘ. উদ্দীপকের কোষটির গঠন প্রণালী বর্ণনা কর।


৪

▶◀ ২০নং প্রশ্নের উত্তর ▶◀

ক. তড়িৎ বিশ্লেষণ কোষের ধনাত্মক তড়িৎদ্বারকে অ্যানোড বলে।

খ. ড্রাইসেলে কোনো তরল পদার্থ ব্যবহার না হওয়ায় একে শুষ্ক কোষ বলা হয়। ড্রাইসেল এক প্রকার তড়িৎ কোষ, যাতে তরল অ্যামোনিয়াম ক্লোরাইডের (NH<sub>4</sub>Cl)-এর পরিবর্তে NH<sub>4</sub>Cl-এর ঘন পেস্ট (কাঠ কয়লার গুঁড়ো) ব্যবহার করা হয়। এছাড়া ম্যাঙ্গানিজ ডাইঅক্সাইড (MnO<sub>2</sub>) ব্যবহার করা হয় যা একটি শুষ্ক পদার্থ। এসব কারণেই একে শুষ্ক কোষ বলে।

গ. উদ্দীপকের বিদ্যুৎ কোষটি হলো ড্রাইসেল বা শুষ্ক বিদ্যুৎকোষ। নিচে একটি ড্রাইসেল ঐকে এর বিভিন্ন অংশ চিহ্নিত করা হলো—







চিত্র : শুষ্ক কোষ

ঘ. উদ্দীপকের বিদ্যুৎ কোষটি হলো ড্রাইসেল বা শুষ্ক বিদ্যুৎকোষ। গঠন প্রণালি নিচে বর্ণনা করা হলো :

ড্রাইসেল কোষে একটি দস্তার চোঙের মধ্যস্থলে একটি কার্বন দণ্ড বসানো থাকে। কার্বন দণ্ডটি কোষের ধনাত্মক পাত ও দস্তার চোঙ ঋণাত্মক পাত হিসেবে কাজ করে। কার্বন দণ্ডের উপরে একটি পিতলের টুপি থাকে। কার্বন দণ্ডের চারদিকে ম্যাঙ্গানিজ ডাইঅক্সাইড ও কাঠ কয়লা গুঁড়োর মিশ্রণ রাখা হয়। মিশ্রণসহ কার্বন দণ্ডটিকে দস্তার চোঙের মধ্যে স্থাপন করে চোঙের ফাঁকা অংশ অ্যামোনিয়াম ক্লোরাইডের ঘন পেস্ট দ্বারা পূর্ণ করা হয়। পেস্ট যাতে শুকিয়ে না যায়, সেজন্য দস্তার চোঙের ওপরের মুখ পিচ, গালা, কাঠের গুঁড়ো ইত্যাদি দ্বারা বন্ধ থাকে। গ্যাস বের হওয়ার জন্য পিচের মধ্যে একটি ছোট ছিদ্র থাকে। অতঃপর পুরো জিনিসকে কাগজে মুড়ে দেওয়া হয়। এভাবে একটি ড্রাইসেল বা শুষ্ক বিদ্যুৎকোষ গঠিত হয়।

নিচের সমীকরণগুলো লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. চূনাপাথর কী কী মৌল নিয়ে গঠিত? ১

খ. গ্যাসের চুলায় আগুন জ্বালালে কী ধরনের শক্তির রূপান্তর ঘটে? ২


গ. উদ্দীপকের ২নং, ৩নং ও ৪নং বিক্রিয়ার শ্রেণিবিভাগ ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের ১নং বিক্রিয়ার দ্রবণে তড়িৎ প্রবাহের ফলে কী ঘটবে? ব্যাখ্যাসহ লিখ। ৪

▶◀ ২১নং প্রশ্নের উত্তর ▶◀


ক. চূনাপাথর ক্যালসিয়াম (Ca), কার্বন (C) ও অক্সিজেন (O) নিয়ে গঠিত।

খ. গ্যাসের চুলায় আগুন জ্বালালে সম্বন্ধিত রাসায়নিক শক্তি তাপশক্তি ও আলোক শক্তিতে রূপান্তরিত হয়। গ্যাসের চুলায় আগুন জ্বালালে মিথেনের দহন ঘটে।




গ্যাসে সম্বন্ধিত শক্তি রাসায়নিক শক্তি হিসেবে থাকে। গ্যাস জ্বালালে সম্বন্ধিত শক্তি পরিবর্তিত হয়ে কার্বন ডাইঅক্সাইড গ্যাস, জলীয়বাষ্প এবং প্রচুর তাপশক্তি ও আলোক শক্তি উৎপন্ন করে।


গ. উদ্দীপকের ২নং বিক্রিয়াটি একটি দহন বিক্রিয়া। বাতাসের অক্সিজেনের মধ্যে কোনো মৌল বা যৌগ পোড়ালে যে বিক্রিয়া হয় তাকে দহন বিক্রিয়া বলে। এখানে ম্যাগনেসিয়াম অক্সিজেনের উপস্থিতিতে পুড়ে ম্যাগনেসিয়াম অক্সাইড গঠন করেছে।



উদ্দীপকের ৩নং বিক্রিয়াটি একটি প্রতিস্থাপন বিক্রিয়া। এ বিক্রিয়ায় জিংক সালফিউরিক এসিড থেকে হাইড্রোজেনকে সরিয়ে নিজে ঐ স্থান দখল করে নতুন যৌগ তৈরি করেছে।




উদ্দীপকের ৪নং বিক্রিয়াটি একটি বিয়োজন বিক্রিয়া। এ বিক্রিয়ায় একটি যৌগ ভেঙে একাধিক যৌগ উৎপন্ন করেছে। যেমন : ক্যালসিয়াম কার্বনেট ভেঙে CaO ও CO<sub>2</sub> উৎপন্ন করেছে।



ঘ. দ্রবণে তড়িৎ প্রবাহের ফলে ক্লোরিন গ্যাস ও ধাতব সোডিয়াম উৎপন্ন হয়, একে তড়িৎ বিশ্লেষণ বলে।

উদ্দীপকের ১নং বিক্রিয়ায় NaCl উৎপন্ন হয়। এর দ্রবণের মধ্যে ব্যাটারির সাহায্যে বিদ্যুৎ প্রবাহ চালনা করলে দেখা যাবে ক্লোরাইড আয়ন (Cl<sup>-</sup>) ব্যাটারির অ্যানোডে গিয়ে রাসায়নিক বিক্রিয়ার মাধ্যমে (Cl<sub>2</sub>) ক্লোরিন গ্যাস উৎপন্ন করবে। অন্য দিকে সোডিয়াম আয়ন (Na<sup>+</sup>) বিদ্যুৎ প্রবাহের ফলে ক্যাথোডে গিয়ে রাসায়নিক বিক্রিয়ার দ্বারা ধাতব সোডিয়াম (Na) উৎপন্ন করবে। ফলে ক্যাথোডে ধূসর প্রলেপ দেখা দিবে। বিক্রিয়াটি নিম্নলিখিতভাবে দেখানো হলো—




**নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

অষ্টম শ্রেণির ছাত্র লিটন বিগলিত kBr এর মধ্যে দুটি কার্বন দণ্ড স্থাপন করে তড়িৎ প্রবাহিত করল। অপর একজন ছাত্র রুবেল প্রয়োজনীয় উপকরণ হতে টর্চলাইটের ব্যাটারি প্রস্তুত করল।

- |                                                                                      |   |
|--------------------------------------------------------------------------------------|---|
| ক. সোডিয়াম সাইট্রেটের সংকেত লিখ।                                                    | ১ |
| খ. চুনে ভিনেগার যোগ করলে কী ঘটে সমীকরণসহ লেখ।                                        | ২ |
| গ. রুবেলের ব্যাটারি তৈরিতে প্রয়োজনীয় উপকরণসহ ব্যাটারির গঠন প্রক্রিয়া ব্যাখ্যা কর। | ৩ |
| ঘ. তড়িৎ প্রবাহের ফলে লিটন কী পরিবর্তন লক্ষ করবে? কারণসহ বিশ্লেষণ কর।                | ৪ |

◀ ২২নং প্রশ্নের উত্তর ▶


- ক. সোডিয়াম সাইট্রেটের সংকেত হলো Na<sub>3</sub>C<sub>6</sub>H<sub>5</sub>O<sub>7</sub>
- খ. চুন (CaO) হলো ক্ষার এবং ভিনেগার (CH<sub>2</sub>COOH) হলে এসিড। চুনে ভিনেগার যোগ করলে প্রশমন বিক্রিয়ার মাধ্যমে ক্যালসিয়াম এসিটেট তথা লবণ উৎপন্ন হয়। সমকরণটি হলো :






গ. স্জনশীল ১৫ (গ) নং উত্তরের অনুরূপ।

ঘ. তড়িৎ প্রবাহের ফলে রুবেল নিম্নোক্ত পরিবর্তন লক্ষ করবে—


কঠিন অবস্থায় kBr আয়নসমূহ পরস্পরের সাথে দৃঢ়ভাবে আটকে থাকে। এ অবস্থায় আয়নসমূহ স্বাধীনভাবে বিরাজ করে। তরলের দুটি তড়িৎদ্বার প্রবেশ করিয়ে তাদের মধ্যে ব্যাটারির সাহায্যে বিত্ব পার্থক্য সৃষ্টি করা হয়। ক্যাথোডে ঋণাত্মক আধানবিশিষ্ট হওয়ায় তা ধনাত্মক পটাসিয়াম আয়নকে আকর্ষণ করে। পটাসিয়াম আয়নসমূহ ক্যাথোডে পৌঁছামাত্র ক্যাথোডে তাদের ইলেকট্রন দান করে ফলে পটাসিয়াম পরমাণু সৃষ্টি করে। পটাসিয়াম পরমাণুসমূহ একত্রিত হয়। পটাসিয়াম ধাতুরূপে দেখা দেয়। ক্যাথোডে বিক্রিয়া—



অন্যদিকে, অ্যানোডে ধনাত্মক আধানবিশিষ্ট হওয়ায় তা ঋণাত্মক ব্রোমাইড আয়নসমূহকে আকর্ষণ করে এবং এ আয়নসমূহ অ্যানোডে পৌঁছামাত্র তাতে ইলেকট্রন ছেড়ে দিয়ে ব্রোমিন পরমাণুর সৃষ্টি হয়। দুটি ব্রোমিন পরমাণু পরস্পরের সাথে যুক্ত হয়ে ব্রোমিন গ্যাসের সৃষ্টি করে। অ্যানোডে বিক্রিয়া :



**নিচের চিত্রটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**




তড়িৎ বিশ্লেষণ কোষে NaCl এর গলিত দ্রবণ

- ক. লাইম ওয়াটার কী? ১
- খ. চূনাপাথরে তাপ দিলে কী উৎপন্ন হয়? রাসায়নিক বিক্রিয়া লিখে দেখাও। ২
- গ. উপরিউক্ত কোষটির গঠন বর্ণনা কর এবং অ্যানোড ও ক্যাথোডের সংজ্ঞা দাও। ৩
- ঘ. যৌগটি থেকে কীভাবে মৌলগুলো আলাদা করে পাওয়া যায়? যৌক্তিক বিশ্লেষণ কর। ৪


▶▶ ২৩নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. পানিতে  $\text{Ca}(\text{OH})_2$  এর সম্পৃক্ত দ্রবণই চূনের পানি বা লাইম ওয়াটার।
- খ. চূনাপাথরকে তাপ দিলে ক্যালসিয়াম অক্সাইড ও কার্বন ডাইঅক্সাইড উৎপন্ন হয়। এটি একটি বিয়োজন বিক্রিয়া। এ সময় নিম্নোক্ত রাসায়নিক বিক্রিয়া সংঘটিত হয়।






- গ. উপরিউক্ত কোষটির গঠন থেকে দেখা যায় যে, এটি একটি তড়িৎ বিশ্লেষণ কোষ। এখানে NaCl এর তড়িৎ বিশ্লেষণ করা হচ্ছে। উপরিউক্ত কোষে একটি ব্যাটারি থেকে দুটি তামার তার অ্যানোড ও ক্যাথোডের সাথে সংযুক্ত আছে। ব্যাটারির ধনাত্মক প্রান্ত অ্যানোডের সাথে এবং ঋণাত্মক প্রান্ত ক্যাথোডের সাথে যুক্ত আছে। যে তড়িৎদ্বার বাইরের বিদ্যুৎ উৎসের ধনাত্মক প্রান্তের সাথে যুক্ত থাকে তাকে অ্যানোড এবং যে তড়িৎদ্বার ঋণাত্মক প্রান্তের সাথে যুক্ত থাকে তাকে ক্যাথোড বলে।
- ঘ. যৌগটি থেকে তড়িৎ বিশ্লেষণের মাধ্যমে মৌলগুলো আলাদা করে পাওয়া যায়।

যৌগটি হলো সোডিয়াম ক্লোরাইড। কঠিন অবস্থায় এর আয়নসমূহ পরস্পরের সাথে দৃঢ়ভাবে আটকে থাকে। বিগলিত অবস্থায় তরলে দুটি তড়িৎদ্বার প্রবেশ করিয়ে তাদের মধ্যে ব্যাটারির সাহায্যে বিতর্ক পার্থক্য সৃষ্টি করা হয়। ক্যাথোডে ঋণাত্মক আধানবিশিষ্ট হওয়ায় তা ঋণাত্মক সোডিয়াম আয়নকে আকর্ষণ করে। সোডিয়াম আয়নসমূহ একত্রিত হয়ে সোডিয়াম ধাতুরূপে দেখা যায়—



অন্যদিকে অ্যানোড ধনাত্মক আধান যুক্ত হওয়ায় তা ঋণাত্মক ক্লোরাইড আয়নসমূহকে আকর্ষণ করে এবং এ আয়নসমূহ অ্যানোডে পৌছামাত্র তাতে ইলেকট্রন ছেড়ে দিলে ক্লোরিন পরমাণু সৃষ্টি হয়। দুটি ক্লোরিন পরমাণু পরস্পরের সাথে যুক্ত হয়ে ক্লোরিন গ্যাসের সৃষ্টি করে। অ্যানোডে বিক্রিয়া :



এভাবে NaCl যৌগটি থেকে মৌলগুলো আলাদা করা যায়।

নিচের সমীকরণগুলো দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :

- (i)  $\text{Fe} + \text{CuSO}_4 \rightarrow \text{FeSO}_4 + \text{Cu}$
- (ii)  $2\text{KCl} + 3\text{O}_2 \rightarrow 2\text{KClO}_3$  [মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা]

- ক. রাসায়নিক বিক্রিয়া কাকে বলে? ১
- খ. রাসায়নিক বিক্রিয়ায় তাপশক্তির রূপান্তর ব্যাখ্যা কর। ২
- গ. (i) নং বিক্রিয়াটি কোন প্রকারের? ব্যাখ্যা কর। ৩
- ঘ. (ii) নং বিক্রিয়াটি সংযোজন বিক্রিয়া— ব্যাখ্যা কর। ৪


▶▶ ২৪নং প্রশ্নের উত্তর ▶▶

- ক. যে প্রক্রিয়ায় এক বা একাধিক পদার্থ নিজ নিজ ধর্ম হারিয়ে সম্পূর্ণ নতুন ধর্মবিশিষ্ট এক বা একাধিক পদার্থে পরিণত হয় তাকে রাসায়নিক বিক্রিয়া বলে।
- খ. রাসায়নিক বিক্রিয়ায় তাপশক্তির রূপান্তর ঘটে। যেমন: গ্যাসের চূলায় গ্যাস জ্বালালে গ্যাসে সঞ্চিত রাসায়নিক শক্তি পরিবর্তিত হয়ে প্রচুর পরিমাণ তাপ শক্তি উৎপন্ন করে।



গ. সৃজনশীল ১৯(গ) নং উত্তর দেখ।

ঘ. উদ্দীপকের (ii) নং বিক্রিয়াটি হচ্ছে –




(ii) নং বিক্রিয়াটি সংযোজন বিক্রিয়া। নিচে সংযোজন বিক্রিয়াটি ব্যাখ্যা করা হলো –

যে রাসায়নিক বিক্রিয়ায় দুই বা ততোধিক মৌলিক বা যৌগিক পদার্থ পরস্পর বিক্রিয়া করে একটি মাত্র যৌগ উৎপন্ন করে তাকে সংযোজন বিক্রিয়া বলে। উদ্দীপকের

(ii) নং বিক্রিয়ায় যৌগিক পদার্থ পটাসিয়াম ক্লোরাইড ও মৌলিক পদার্থ অক্সিজেন বিক্রিয়া করে একটি মাত্র যৌগ পটাসিয়াম ক্লোরাইড উৎপন্ন করে।

সুতরাং, উদ্দীপকের (ii) নং বিক্রিয়াটি সংযোজন বিক্রিয়া।

নিচের সমীকরণগুলো দেখ এবং প্রশ্নগুলোর উত্তর দাও :



ক. খাবার সোডার সংকেত কী? ১

খ. পটাসিয়ামের ক্লোরেটকে তাপ প্রদান করলে কী ঘটবে? ২


গ. (i) নং বিক্রিয়াটি সম্পূর্ণ করে এটি কোন শ্রেণির – ব্যাখ্যা কর। ৩

ঘ. (ii) নং বিক্রিয়াটি দহন না সংযোজন – যুক্তি প্রদর্শন কর। ৪

### ▶◀ ২৬নং প্রশ্নের উত্তর ▶◀

ক. খাবার সোডার সংকেত হলো :  $NaHCO_3$

খ. পটাসিয়াম ক্লোরেটকে তাপ দিলে পটাসিয়াম ক্লোরাইড ও অক্সিজেন উৎপন্ন হয়। এক্ষেত্রে নিম্নরূপ বিক্রিয়া সংঘটিত হয়।



গ. সৃজনশীল ৪(গ) নং উত্তর দেখ।

ঘ. (ii) নং বিক্রিয়াটি একটি দহন বিক্রিয়া। বিক্রিয়াটিকে সম্পন্ন করে পাই,  $4Al + 3O_2 \longrightarrow 2Al_2O_3$

যে নিষ্ক্রিয় রাসায়নিক বিক্রিয়া বায়ু বা অক্সিজেনের উপস্থিতিতে কোনো পদার্থে অগ্নিসংযোগ করলে তা তিনু কোনো পদার্থে পরিণত হয় তাকে দহন বিক্রিয়া বলে।

বাতাসের সংস্পর্শে এর উপরিভাগে অ্যালুমিনিয়াম অক্সাইডের প্রলেপ পড়ে, যা একে বাতাসের ক্রমাগত আক্রমণ থেকে রক্ষা করে। এ কারণে সাধারণ তাপমাত্রায় অ্যালুমিনিয়াম বাতাসের সাহায্যে বিক্রিয়া করে না। কিন্তু খুব উত্তপ্ত করলে, বিশেষ করে পাত আকার হলে এটি জ্বলে ওঠে এবং অ্যালুমিনিয়াম অক্সাইডে পরিণত হয়। তাই (ii) নং বিক্রিয়াটি একটি দহন বিক্রিয়া।

### সৃজনশীল প্রশ্নব্যাংক


একটি টেস্টটিউবে লোহার গুড়া ও সালফার নিয়ে স্পিরিট ল্যাম্পের সাহায্যে তাপ দেওয়া হলো। গাঢ় ধূসর বর্ণের পদার্থ পাওয়া গেল। অপরদিকে ম্যাগনেশিয়াম রিবনের একটি ছোট টুকরা চিমটা দিয়ে ধরে বুনসেন বার্নারের শিখায় ধরা হলো। ছাই এর মতো অবশেষ পাওয়া গেল।

ক. মৌলের যোজনী কী? ১

খ.  $KClO_3$  এ তাপ দিলে কী ধরনের বিক্রিয়া সংঘটিত হবে? ২

গ. প্রথম ঘটনায় কেন গাঢ় ধূসর বর্ণের পদার্থ পাওয়া গেল? ৩

ঘ. দ্বিতীয় ঘটনায় ছাইয়ের মতো অবশেষ পাওয়ার কারণ বিশ্লেষণ কর। ৪





ক. প্রতিস্থাপন বিক্রিয়া কাকে বলে? ১

খ. আয়নের যোজনী ২ ও ৩ হয় কেন? ২

গ. উদ্দীপকের A তে লেবুর রস যোগ করলে কী ধরনের বিক্রিয়া ঘটবে? ৩

ঘ. উদ্দীপকের বিক্রিয়ায় সংযোজন ও বিয়োজন ঘটেছে। উক্তিটি বিশ্লেষণ কর। ৪



ক. চুন কী? ১

খ. তড়িৎ বিশ্লেষণে তড়িৎদ্বারের প্রয়োজন হয় কেন? ২



- গ. ১নং সমীকরণের বিক্রিয়াজাত পদার্থে ভিনেগার যোগ করা হলে কী ধরনের বিক্রিয়া সংঘটিত হবে? ৩
- ঘ. ২নং বিক্রিয়ায় কী পরিবর্তন লক্ষ্য করবে? বিক্রিয়াটি অনেকক্ষণ চালালে কী ঘটবে? ৪

অষ্টম শ্রেণির বিজ্ঞান শিক্ষক মনসুর হোসেন শিক্ষার্থীদের রাসায়নিক বিক্রিয়া অধ্যয়ন পড়াচ্ছিলেন। এ সময় তিনি চুন ও ভিনেগারের বিক্রিয়ার কথা বললেন, যেখানে প্রচুর তাপশক্তি উৎপন্ন হয়। সবশেষে, তিনি শিক্ষার্থীদের বললেন, “রাসায়নিক বিক্রিয়ায় শক্তির রূপান্তর ঘটে।”

- ক. ভিনেগার কী? ১
- খ. প্রশমন বিক্রিয়া বলতে কী বোঝ? ২
- গ. ভিনেগারের পরিবর্তে লেবুর রস নিলে, কী ধরনের পরিবর্তন ঘটত? ৩
- ঘ. মনসুর স্যার সবশেষে যা বললেন, তার যথার্থতা বিশ্লেষণ কর। ৪

### □ সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন -----//

প্রশ্ন ১ ১ ৥ দহন বিক্রিয়া বলতে কী বুঝ? উদাহরণ দাও।

উত্তর : সৃজনশীল ৯(খ) নং উত্তর দেখ।

প্রশ্ন ২ ২ ৥ প্রশমন বিক্রিয়া কী তা ব্যাখ্যা কর।

উত্তর : যে বিক্রিয়ায় বিপরীতধর্মী পদার্থ একে অপরের সাথে বিক্রিয়া করে নিরপেক্ষ পদার্থ তৈরি করে তাকে প্রশমন বিক্রিয়া বলে। যেমন :

চুন + এসিটিক এসিড → ক্যালসিয়াম এসিটেট + পানি

এখানে, চুন হলো ক্ষারীয় পদার্থ ও এসিটিক এসিড হলো অম্লীয় পদার্থ আর উৎপাদিত ক্যালসিয়াম এসিটেট হলো নিরপেক্ষ পদার্থ। কাজেই এ বিক্রিয়াটি একটি প্রশমন বিক্রিয়া।

প্রশ্ন ৩ ৩ ৥ চুনে পানি যোগ করলে কী ঘটে ব্যাখ্যা কর।

উত্তর : সৃজনশীল ৩(খ) নং উত্তর দেখ।

প্রশ্ন ৪ ৪ ৥ শূক কোষের গঠন সংক্ষিপ্ত আকারে বর্ণনা কর।

উত্তর : সৃজনশীল ১৫(গ) নং উত্তর দেখ।

প্রশ্ন ৫ ৫ ৥ তড়িৎ বিশ্লেষ্য ও তড়িৎ অবিশ্লেষ্য পদার্থের মূল পার্থক্য উদাহরণসহ ব্যাখ্যা কর।

উত্তর : নিচে তড়িৎ বিশ্লেষ্য ও তড়িৎ অবিশ্লেষ্য পদার্থের মধ্যে মূল পার্থক্য উদাহরণসহ ব্যাখ্যা করা হলো :

তড়িৎ বিশ্লেষ্য	তড়িৎ অবিশ্লেষ্য
১. যেসব পদার্থ দ্রবীভূত বা বিগলিত অবস্থায় তড়িৎ পরিবহনের ফলে রাসায়নিক	১. যেসব পদার্থ দ্রবীভূত বা বিগলিত অবস্থায় তড়িৎ পরিবহন করে না ফলে
বিক্রিয়া করে অন্য পদার্থে পরিণত হয়, তাদেরকে তড়িৎ বিশ্লেষ্য পদার্থ বলে। যেমন : NaCl বা খাবার লবণ বিগলিত বা দ্রবীভূত অবস্থায় তড়িৎ প্রবাহের ফলে ধনাত্মক আয়ন Na <sup>+</sup> ও ঋণাত্মক আয়ন Cl <sup>-</sup> এ বিাশ্লষ্ট হয়ে যায় নিম্নরূপে- NaCl → Na <sup>+</sup> + Cl <sup>-</sup> 2Na <sup>+</sup> + 2e <sup>-</sup> → 2Na 2Cl <sup>-</sup> - 2e <sup>-</sup> → Cl <sub>2</sub>	রাসায়নিক বিক্রিয়াও করে না তাদের তড়িৎ অবিশ্লেষ্য পদার্থ বলে। যেমন : গ্লুকোজ, চিনি ইত্যাদি। এরা দ্রবণে বা বিগলিত অবস্থায় তড়িৎ পরিবহন করে না।

### অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

#### □ জ্ঞানমূলক -----//

প্রশ্ন ১ ১ ৥ প্রতীক কী?

উত্তর : প্রতীক হলো মৌলের পুরো নামের সংক্ষিপ্ত রূপ।

প্রশ্ন ২ ২ ৥ সংকেত কী?

উত্তর : কোনো মৌল বা যৌগের অণুর সংক্ষিপ্ত রূপ হলো সংকেত। যেমন হাইড্রোজেন অণুর সংকেত H<sub>2</sub>।

প্রশ্ন ৩ ৩ ৥ সংযোজন বিক্রিয়া কাকে বলে?

উত্তর : যে রাসায়নিক বিক্রিয়ায় দুই বা ততোধিক মৌলিক বা যৌগিক পদার্থ পরস্পর বিক্রিয়া করে একটিমাত্র যৌগ উৎপন্ন করে তাকে সংযোজন বিক্রিয়া বলে।

প্রশ্ন ৪ ৪ ৥ প্রতিস্থাপন বিক্রিয়া কাকে বলে?

উত্তর : যে বিক্রিয়ায় একটি মৌল কোনো যৌগ থেকে অপর একটি মৌলকে সরিয়ে নিজে ঐ স্থান দখল করে নতুন যৌগ তৈরি করে তাকে প্রতিস্থাপন বিক্রিয়া বলে।

প্রশ্ন ৫ ৫ ৥ বিয়োজন বিক্রিয়া কাকে বলে?

উত্তর : যে বিক্রিয়ায় একটি যৌগ ভেঙে একাধিক যৌগ উৎপন্ন হয়, তাকে বিয়োজন বিক্রিয়া বলে।

প্রশ্ন ১৬ ৥ শক্তির রূপান্তর কাকে বলে?

উত্তর : শক্তির এক রূপ থেকে আরেক রূপে পরিবর্তনকে শক্তির রূপান্তর বলে।

প্রশ্ন ১৭ ৥ শূক কোষ কাকে বলে?

উত্তর : তরল তড়িৎ বিশ্লেষ্যের পরিবর্তে পেস্ট ব্যবহার করে যে কোষ গঠন করা হয় তাকে শূক কোষ বলে।

প্রশ্ন ১৮ ৥ শূক কোষে শক্তির উৎস কা?

উত্তর : শূক কোষে শক্তির উৎস হলো এতে ব্যবহৃত রাসায়নিক পদার্থ অর্থাৎ দস্তা, অ্যামোনিয়াম ক্লোরাইড, কয়লার গুঁড়া ও  $MnO_2$ ।

### □ অনুধাবনমূলক -----//

প্রশ্ন ১৯ ৥ H ও  $H_2$  বলতে কী বুঝায়?

উত্তর : H দ্বারা হাইড্রোজেন মৌলের প্রতীক বুঝায়। এটি হাইড্রোজেনের একটি পরমাণুকে নির্দেশ করে।

$H_2$  দ্বারা হাইড্রোজেনের একটি অণুকে প্রকাশ করে, যা দুটি পরমাণু নিয়ে গঠিত। এটি হাইড্রোজেনের সংকেতও নির্দেশ করে।

প্রশ্ন ২০ ৥ দহনের বৈশিষ্ট্য কী কী?

উত্তর : দহনের বৈশিষ্ট্যগুলো হলো—

ক. দহনে অক্সিজেন প্রয়োজন হয়।

খ. দহনের সময় প্রচুর তাপশক্তি ও আলোক শক্তি উৎপন্ন হয়।

গ. দহন দ্রুত রাসায়নিক প্রক্রিয়া।

প্রশ্ন ২১ ৥ মোমবাতি জ্বালালে কোন ধরনের পরিবর্তন ঘটে?

উত্তর : মোমবাতি জ্বালালে একই সাথে ভৌত ও রাসায়নিক পরিবর্তন সংঘটিত হয়। মোমবাতিতে জ্বালালে উত্তাপে মোমের কিছু অংশ গলে যায়। এ গলা মোম আবার ঠান্ডা হয়ে কঠিন মোমে পরিণত হয়। এক্ষেত্রে ভৌত পরিবর্তন ঘটে। একই সাথে মোম বাতাসের অক্সিজেনের সাথে বিক্রিয়া করে কার্বন ডাইঅক্সাইড, জলীয় বাষ্প, তাপ ও আলোক শক্তি তৈরি করে। এক্ষেত্রে রাসায়নিক পরিবর্তন ঘটে।

প্রশ্ন ২২ ৥ রান্নায় শক্তির কী ধরনের পরিবর্তন হয়? ব্যাখ্যা কর।

উত্তর : রান্নার শুরু থেকে শেষ পর্যন্ত শক্তির দুই ধরনের পরিবর্তন হয়। রান্না করার জন্য পথমে চুলা জ্বালানো হয়। চুলায় গ্যাস জ্বালিয়ে তাপ উৎপন্ন করা হয়। আমরা জানি চুলায় আগুন জ্বালাতে যেসব উপকরণ লাগে তার মধ্যে শক্তি রাসায়নিক শক্তিরূপে জমা থাকে। তাপ উৎপাদনের কারণে রাসায়নিক শক্তি তাপশক্তিতে রূপান্তরিত হয়। আবার তাপের কারণে রান্না হয়। অর্থাৎ রান্নার মধ্যে তাপশক্তি পুনরায় রাসায়নিক শক্তিরূপে জমা হয়। সুতরাং রান্নার দ্বারা শক্তি এক রূপ থেকে আরেক রূপে রূপান্তরিত হয়।

প্রশ্ন ২৩ ৥ তড়িৎ বিশ্লেষণে তড়িৎদ্বারের প্রয়োজন হয় কেন?

উত্তর : তড়িৎ বিশ্লেষ্য পদার্থে তড়িৎ পরিবহন করতে হলে দ্রবণের

মধ্যে একটি বৈদ্যুতিক বর্তনী সম্পূর্ণ করতে হয়। দ্রবণের মধ্যে বিদ্যুৎ প্রবাহ চালনা করতে হলে দুটি ধাতব পাতের দরকার হয়। যার একটি দিয়ে বিদ্যুৎ কোষে প্রবেশ করে এবং অন্যটি দিয়ে বের হয়ে যায়। এ তড়িৎ বিশ্লেষণে বিদ্যুৎ প্রবাহ চালনা করতে অবশ্যই তড়িৎদ্বার লাগবে।

প্রশ্ন ২৪ ৥ গলিত NaCl এ তড়িৎ বিশ্লেষণ চালনা করলে কী উৎপন্ন হয়?

উত্তর : গলিত NaCl-এর মধ্য দিয়ে তড়িৎ বিশ্লেষণ চালনা করলে অ্যানোডে বা ধনাত্মক তড়িৎদ্বারে ক্লোরিন গ্যাস এবং ক্যাথোডে বা ঋণাত্মক তড়িৎদ্বারে সোডিয়াম ধাতু উৎপন্ন হয়।